

স্মারক নম্বর: ৪৩.২৩.০০০০.০০০.১২১.৯৯.০০০২.২২.৫৩

তারিখ: ২৩ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: প্রত্নচর্চা-১১-তে প্রবন্ধ প্রেরণের সময় বৃদ্ধিকরণ।

২০২৫-২৬ অর্থবছরে প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক প্রত্নচর্চা-১১ গবেষণাধর্মী আন্তর্জাতিক জার্নাল প্রকাশের লক্ষ্যে প্রবন্ধ প্রেরণের সময়সীমা আগামী ৩০ এপ্রিল/২০২৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। আগ্রহী প্রবন্ধকার ও গবেষকগণকে প্রত্নচর্চা-১১ প্রকাশের জন্য ইতিহাস, প্রত্নতত্ত্ব, মুদ্রা, শিলালিপি, মূর্তিতত্ত্ব, সংরক্ষণবিদ্যা, জাদুঘরবিদ্যা, স্থাপত্য, সামাজিক ও সাংস্কৃতিক নৃতত্ত্ব, প্রত্ন-পর্যটন ইত্যাদি বিষয়ে মৌলিক গবেষণাধর্মী ও প্রকাশনা উপযোগী প্রবন্ধ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২। প্রত্নচর্চায় লেখা প্রকাশের জন্য লেখকদের জন্য নির্দেশনা:

১. প্রবন্ধ অবশ্যই অপ্রকাশিত ও মৌলিক গবেষণাধর্মী হতে হবে এবং প্রবন্ধ বিষয়ক সকল দায়-দায়িত্ব প্রবন্ধকারের।
২. প্রবন্ধকারদেরকে সূত্র ব্যবহারে ফুটনোট শিকাগো (Chicago) স্টাইল ব্যবহার করতে হবে।
৩. কম্পিউটার কম্পোজ করার জন্য বাংলা SutonnyMJ ফন্ট ব্যবহার করতে হবে। কাগজের সাইজ A4। প্রতি পৃষ্ঠায় মার্জিন থাকবে: উপরে ২ ইঞ্চি, নিচে ২ ইঞ্চি, ডানে ১.৬৫ ইঞ্চি এবং বামে ১.৬ ইঞ্চি। প্রবন্ধে প্রবন্ধকারের পেশাগত পরিচয় ও ঠিকানা থাকতে হবে।
৪. প্রকাশের জন্য মনোনীত কিংবা অমনোনীত কোনো পাণ্ডুলিপি ফেরত দেওয়া হয় না।
৫. প্রবন্ধের সূচনায় একটি সারসংক্ষেপ অবশ্যই দিতে হবে। আনুমানিক ২০০ শব্দের মধ্যে সারসংক্ষেপ এবং চাবি শব্দ (Key word) ৩-৭টি থাকতে হবে।
৬. প্রমিত বাংলা বানান রীতি অনুসরণ করে প্রবন্ধ রচিত হওয়া বাঞ্ছনীয়।
৭. উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন হবে না। টীকা ও বক্তব্যের উৎস ও উল্লেখ স্বতন্ত্রভাবে হবে। টীকার ক্ষেত্রে শব্দের উপর সুপারস্ক্রিপ্ট (যেমন-বাংলাদেশ^১) সংখ্যা ব্যবহার করতে হবে। প্রবন্ধের শেষে সংখ্যা অনুসারে টীকা উপস্থাপন করতে হবে।
৮. তথ্য নির্দেশের ক্ষেত্রে লেখকের পূর্ণ নাম, বইয়ের নাম, প্রকাশস্থান, প্রকাশক, প্রকাশকাল এবং পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।
৯. মূল পাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি হলে পৃথক অনুচ্ছেদে তা উপস্থাপন করতে হবে।
১০. বই ও পত্রিকার নাম বাঁকা (italic.) অক্ষরে হবে। বিদেশি শব্দ বাংলা বর্ণীকরণের নিয়ম অনুযায়ী লিখতে হবে। কিন্তু ব্যক্তি ও বইয়ের নাম প্রথমবার উল্লেখের সময় তা প্রথম বন্ধনীর মধ্যে ইংরেজিতে লিখতে হবে।
১১. সংযুক্ত আলোকচিত্র ও নকশার রেজুলেশন উৎকৃষ্টমানের হতে হবে।
১২. প্রাতিষ্ঠানিক বা ব্যক্তিগত প্রতিবেদন সর্বোচ্চ ৪০০০ (চার হাজার) শব্দের মধ্যে হতে হবে।

৩। লেখা প্রেরণের সর্বশেষ তারিখ :

- আগামী ৩০ এপ্রিল ২০২৬ তারিখ এর মধ্যে প্রবন্ধের দুই কপি পাণ্ডুলিপি সরাসরি/ই-মেইলে জমা দিতে হবে। নিম্নলিখিত ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। dr.rahmanarchaeology@gmail.com / fardaush1977@gmail.com



০৬-০৪-২০২৬

সাবিনা আলম

মহাপরিচালক

ফোন : +৮৮০২৪১০২৪৬৫০

ফ্যাক্স : +৮৮০২৪১০২৪৬৫১

ইমেইল : director_general@archaeology.gov.bd

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, কবি ভবন, ধানমন্ডি, ঢাকা।।
- ২। মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, ঢাকা।
- ৫। মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।।
- ৬। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৭। রেজিস্টার, কপিরাইট অফিস, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৮। পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা।
- ৯। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ।
- ১০। পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা।।
- ১১। পরিচালক (ভারপ্রাপ্ত), কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার।
- ১২। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি।
- ১৩। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
- ১৪। পরিচালক, বরেন্দ্র রিসার্চ মিউজিয়াম, রাজশাহী।
- ১৫। সভাপতি, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা।
- ১৬। পরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, রাজশাহী।
- ১৭। পরিচালক, মণিপুরি ললিতকলা একাডেমি, কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ১৮। পরিচালক (ভারপ্রাপ্ত), ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।
- ১৯। চেয়ারম্যান, ইতিহাস বিভাগ/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২০। চেয়ারম্যান, ইতিহাস বিভাগ/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
- ২১। চেয়ারম্যান, ইতিহাস বিভাগ/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
- ২২। চেয়ারম্যান, প্রত্নতত্ত্ব বিভাগ/ ইতিহাস বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
- ২৩। চেয়ারম্যান, ইতিহাস বিভাগ/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ২৪। চেয়ারম্যান, ইতিহাস ও সভ্যতা বিভাগ, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা।
- ২৫। চেয়ারম্যান, প্রত্নতত্ত্ব বিভাগ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা।
- ২৬। চেয়ারম্যান, ইতিহাস ও প্রত্নতত্ত্ব বিভাগ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
- ২৭। চেয়ারম্যান, ইতিহাস বিভাগ, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
- ২৮। চেয়ারম্যান, বঙ্গীয় শিল্পকলা আন্তর্জাতিক কেন্দ্র, মিরপুর, ঢাকা।
- ২৯। নির্বাহী পরিচালক, অগ্রসর বিক্রমপুর, বিক্রমপুর জাদুঘর, উত্তরবালাশুর, রাঢ়ীখাল, শ্রীনগর, বিক্রমপুর, মুন্সিগঞ্জ।
- ৩০। সভাপতি, ঐতিহ্য অন্বেষণ, বাড়ি নং-৩২৭/৩, সড়ক-৪/এ, ধানমন্ডি আ/এ, ঢাকা এবং
- ৩১। সভাপতি, ঈশা খান ফাউন্ডেশন, ৪৮/কাজী নজরুল ইসলাম এ্যাভিনিউ, হাশেম ম্যানশন, তেজগাঁও, ঢাকা।

